

নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০২.৩৪.০০১.২৪. ২০২

তারিখ: ১৮ অগ্রহায়ণ, ১৪৩১ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ


জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের দোকান ভাড়া পুনর্বিজ্ঞপ্তি:

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের পরিকল্পনা শাখার গত ১৮/০১/২০২১ তারিখের ৪৮.০০.০০০০.০০৮.০১৪.০৪৩(৭).১১-৩৫ নং স্মারকে জারিকৃত 'জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন ব্যবহার সংক্রান্ত' সংশোধিত পরিপত্র এবং গত ১৮/১১/২০২৪ তারিখে অনুষ্ঠিত জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহ্বায়ক কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন, নাটোর-এর নিচতলার ০৯ (নয়)টি কক্ষ ইলেকট্রনিক, কসমেটিকস এবং মেডিসিন সামগ্রীর মার্কেট হিসাবে ভাড়া দেওয়ার নিমিত্ত আগ্রহী ব্যবসায়ীদের নিকট হতে নির্ধারিত ফর্মে পুনরায় দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, ইতঃপূর্বে যারা আবেদন করেছেন তাদের আর নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

- ক) আবেদন ফর্ম বিতরণের তারিখ: ০৪/১২/২০২৪ খ্রি. হতে ০১/০১/২০২৫ খ্রি. পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)।
- খ) আবেদন ফর্ম জমাদানের শেষ তারিখ ও সময়: ০১/০১/২০২৫ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা।
- গ) আবেদন ফর্ম প্রাপ্তি ও জমাদানের স্থান: অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর-এর গোপনীয় শাখা।
- ঘ) আবেদন ফর্মের মূল্য: ৫০০/- (পাঁচশত) টাকা।
- ঙ) দোকান ভাড়া ও জামানতের পরিমাণ: দোকান ভাড়া ৪,০০০/- (চার হাজার) টাকা এবং জামানত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা।

শর্তাবলি:

১. দোকান বরাদ্দের ক্ষেত্রে মোবাইল, কম্পিউটার, ইলেকট্রনিক, কসমেটিকস এবং মেডিসিন সামগ্রীর প্রকৃত ব্যবসায়ীগণ আবেদন করতে পারবেন।
২. আগ্রহী প্রার্থীকে নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে।
৩. আবেদনপত্রের সাথে ০১ (এক) কপি ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং ট্রেড লাইসেন্স-এর ফটোকপি জমা দিতে হবে।
৪. একই দোকানের জন্য একাধিক আবেদনকারী হলে লটারির মাধ্যমে দোকান ঘর নির্বাচন করা হবে।
৫. কর্তৃপক্ষ প্রতি বছর দোকান ভাড়া ও জামানত পুনর্নির্ধারণ করবে।
৬. বরাদ্দকৃত দোকানে অনৈতিক, আইনবিরোধী, রাষ্ট্রবিরোধী ও মুক্তিযুদ্ধ বিরোধী কার্যক্রম করা যাবে না এবং প্রতিষ্ঠানের অমর্যাদা হয় এমন কোনো কাজ করা যাবে না।
৭. কোনো অবস্থাতেই ভাড়া গ্রহীতা নির্ধারিত বাণিজ্যিক কাজের বাইরে দোকান ঘর ব্যবহার করতে পারবেন না এবং বরাদ্দকৃত দোকান অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর বা ব্যহারের জন্য পুনর্বরাদ্দ/ভাড়া (সাবলেট) প্রদান করা যাবে না।
৮. নির্ধারিত ফি জমা দিয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোর-এর গোপনীয় শাখা হতে আবেদন ফর্ম সংগ্রহ করতে হবে।
৯. নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণযোগ্য হবে না।
১০. পরপর তিন মাস দোকান ভাড়া পরিশোধ করতে ব্যর্থ হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বরাদ্দ বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
১১. বিদ্যুৎ বিল দোকান গ্রহীতাগণ নিজে পরিশোধ করবেন। জেনারেটর বিল ও পানির বিল আলোচনা সাপেক্ষে কমিটি কর্তৃক নির্ধারণ করা হবে।
১২. কর্তৃপক্ষ যেকোনো সময় জারিকৃত বিজ্ঞপ্তি বাতিল, কোনো সিদ্ধান্ত পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে এবং এসংক্রান্ত সরকারি যেকোনো পরিপত্র শর্তের অংশ হিসেবে বিবেচিত হবে।
১৩. দোকান বরাদ্দের ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/বীর মুক্তিযোদ্ধাগণের পরিবারের সদস্যগণকে অগ্রাধিকার প্রদানে সরকারি বিধি-বিধান ও প্রচলিত নিয়ম অনুসরণ করা হবে।
১৪. মুক্তিযোদ্ধা কমপ্লেক্সের প্রতিটি দোকানের ভাড়া সময়ে সময়ে বাস্তবতার নিরিখে বাজার দর বিবেচনায় আনুপাতিকহারে বৃদ্ধি করা হবে।
১৫. জেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা বিষয়ক আহ্বায়ক কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


০৩/১২/২৪

(মোঃ মাছুদুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
নাটোর
ফোন: ০২৫৮৮৮৭৩৭৭৮ (অফিস)